

২০১৪.

বাংলা

পঞ্চম পত্র

পূর্ণমান : ১০০

সময় : ৪ ঘন্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

প্রথমার্ধ

[মান—৫০]

৪নং প্রশ্নসহ আরো দুইটি প্রশ্নের উত্তর দাও।

১। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের গোবিন্দলাল চরিত্রটি বিচার করো।

১৬

অথবা

'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে বারুণী-পুষ্করিণীর গুরুত্ব আলোচনা করো।

(Turn Over)

- ২। 'গৃহদাহ' উপন্যাসে অচলা চরিত্রের মনস্তাত্ত্বিক জটিলতা ও অন্তর্দ্বন্দ্ব রূপায়ণে উপন্যাসিকের কৃতিত্ব বিচার করো।

১৬

অথবা

'গৃহদাহ' উপন্যাসটি গঠনকৌশলের দিক থেকে শরৎসাহিত্যে অদ্বিতীয়—
আলোচনা করো।

- ৩। কুবের-মালা-কপিলা চরিত্রের আন্তঃসম্পর্কই 'পদ্মানদীর মাঝি' উপন্যাসের
জটিলতা তৈরী করেছে—বিচার করো।

১৬

অথবা

'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি সমাজজীবন প্রেক্ষিত থেকে ক্রমে ব্যক্তিজীবনকে
আশ্রয় করেছে—আলোচনা করো।

- ৪। 'তেলেনাপোতা আবিষ্কার' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

১৮

অথবা

মৃত্তিকার স্নেহের মতো শ্যামল একটি শিশুর দিদিকে খুঁজে পাওয়ার কাহিনী
'মহানগর'।—আলোচনা করো।

দ্বিতীয়ার্ধ

[মান—৫০]

- ৫। 'সীতার বনবাস' আখ্যানে রামচন্দ্র চরিত্রটি আধুনিক যুগের আলোয়
আলোকিত হয়েছে। — আলোচনা করো।

১৬

অথবা

'সীতার বনবাস' আখ্যানে বিদ্যাসাগরের গদ্য শৈলী বিচার করো।

- ৬। কমলাকান্ত বঙ্কিমচন্দ্রেরই অভিন্ন সত্তা — 'কমলাকান্তের দপ্তর' অবলম্বনে এই
উক্তি'র যথার্থতা বিচার করো।

১৬

অথবা

'কমলাকান্তের দপ্তর'-এর 'মনুষ্যফল' রচনায় বঙ্কিমচন্দ্র রূপকের আড়ালে যে
বক্তব্য প্রকাশ করেছেন তা আলোচনা করো।

৭। অন্নদাশঙ্করের প্রবন্ধগুলিতে বিষয় বৈচিত্র্য থাকলেও সেগুলির মধ্যে এক
অদৃশ্য যোগসূত্র লক্ষ করা যায় — আলোচনা করো।

১৮

অথবা

‘হিন্দু-মুসলমান’ প্রবন্ধে অন্নদাশঙ্করের বক্তব্য বিচার করো।
